



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ  
(স্থানীয় সরকার শাখা)



স্মারক নং-৪৬.৪৬.৯০০০.০১১.২৪.০০১.১৮- ৫৫৬(৮৫)

তারিখ: ০৪/০৫/২০২১ খ্রিঃ

বিষয়: উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল, ফেইসবুক পেজ হালনাগাদকরণ এবং উপজেলা / ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বই, বার্ষিক প্রতিবেদন বই (পিডিএফ ভার্সন) ওয়েব পোর্টালে আপলোড প্রসঙ্গে।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নায়ী “কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)” প্রকল্পের আওতায় এজেলার ৩০টি ইউনিয়ন ও ২ টি উপজেলা পরিষদের (তাহিরপুর ও দক্ষিণ সুনামগঞ্জ) সিএ কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং ৩০ জন ইউনিয়ন সচিব ও ৩০ জন উদ্যোক্তাদের উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ বিষয়ক প্রশিক্ষণ ও রিফ্রেশার্স প্রশিক্ষণ ইতিমধ্যে প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের সময় প্রতিটি উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল, ফেইসবুক পেজ আপডেট ও সচল রাখার জন্য এজেলার মাননীয় জেলা প্রশাসক ও উপপরিচালক স্থানীয় সরকার ৩১ শে ডিসেম্বর ২০২০ পর্যন্ত সময় প্রদান করেছিলেন। কিন্তু অত্যন্ত দুঃখজনক বিষয় যে অদ্যাবধি এ ধরনের কোন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি।

এমতাবস্থায় আগামি ১০/০৫/২০২১খ্রিঃ তারিখের মধ্যে নিজ নিজ উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল, ফেইসবুক পেজ আপডেট করা এবং উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে, ফেইসবুক পেজে পঞ্চবার্ষিক পরিকল্পনা বই, বার্ষিক প্রতিবেদন বই (পিডিএফ ভার্সন) আপলোড করে ক্লিনশর্ট সহ পত্র মারফত অবহিত করার জন্য বলা হলো।

  
(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)

উপ পরিচালক

স্থানীয় সরকার, সুনামগঞ্জ

ফোন- ০৮৭১-৬১৬১৬

Email-ddlgsunam@gmail.com

প্রাপক/বিতরণ

- ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদ সচিব/ উদ্যোক্তা (ইএএলজি প্রকল্পস্বত্ব ৩০ টি ইউনিয়ন)
- ২। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সিএ কাম কম্পিউটার অপারেটর/ উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সহকারী প্রোগ্রামার/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

**অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :**

- ০১। অতিরিক্ত সচিব (ইউনিয়ন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ ও জাতীয় প্রকল্প পরিচালক, ইএএলজি প্রকল্প, ঢাকা।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/শাল্লা/তাহিরপুর/ছাতক/দক্ষিণ সুনামগঞ্জ/জগন্নাথপুর/বিশ্বম্ভরপুর/জামালগঞ্জ/ধর্মপাশা, সুনামগঞ্জ।  
(তাঁর উপজেলার ইএএলজি প্রকল্পের আওতাধীন ইউনিয়ননের ওয়েব পোর্টাল হালনাগাদনিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৫। অফিস কপি।